গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১২৬/২০১৭-১৮

ঢাকা, রোববার ৩১ ডিসেম্বর ২০১৭, ১৭ পৌষ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ফসল উৎপাদনে নতুন জাত ও পদ্ধতি উদ্ভাবন করতে হবে : রাষ্ট্রপতি

২। শিক্ষার মানোন্নয়নে নজরদারি বাড়াতে হবে : পিইসি, জেএসসি ফলাফল গ্রহণকালে প্রধানমন্ত্রী

৩। মূল্যায়ন পদ্ধতির কারণে পরীক্ষার ফলে কিছুটা প্রভাব পড়েছে : শিক্ষামন্ত্রী

৪। নতুন বছরের জন্য বিনামূল্যে পাঠ্যবই বিতরণ কর্মসূচির উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

৫। প্রধানমন্ত্রী আজ যশোর যাচ্ছেন

৬। রেমিটেন্স প্রবাহ কমার কারণ অনুসন্ধান করা হচ্ছে : অর্থমন্ত্রী

৭। পদ্মাসেতু চালু হলে ব্যবসা-বাণিজ্যে প্রধানকেন্দ্র হবে দক্ষিণাঞ্চল : শিল্পমন্ত্রী

৮। পর্যটন ও ওষুধখাতে সহায়তা দেবে বাহরাইন

৯। চলতি অর্থবছরের প্রথম ৫ মাসে ২১ হাজার কোটি টাকা আয়কর আদায়

১০। থার্টিফার্স্ট নাইট উদ্‌যাপন চার দেওয়ালের ভিতর : ডিএমপি কমিশনার

১১। বাংলা একাডেমি ফেলোশিপ পেলেন সাত বিশিষ্ট ব্যক্তি

চলমান পাতা-২

১। ফসল উৎপাদনে নতুন জাত ও পদ্ধতি উদ্ভাবন করতে হবে : রাষ্ট্রপতি

জলবায়ু পরিবর্তনের প্রভাব বিবেচনায় নিয়ে হাওর এলাকায় ফসলের নতুন জাত এবং আবাদের নতুন কৌশল উদ্ভাবনের জন্য সরকারের পাশাপাশি বেসরকারিখাত-সংশ্লিষ্টদের গবেষণা চালানোর আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। তিনি বলেছেন, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা করতে হাওর এলাকার মানুষের জীবন-জীবিকাতেও পরিবর্তন আনতে হবে। ফসল উৎপাদনের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তনের প্রভাব বিবেচনা করে নতুন জাত ও পদ্ধতি উদ্ভাবন করতে হবে। এ কাজে গবেষণা খুবই জরুরি। গতকাল (৩০ ডিসেম্বর শনিবার) রাজধানীর মিরপুরে পুলিশ কনভেনশন সেন্টারে বৃহত্তর ময়মনসিংহ সমিতির নিজস্ব ভবনের উদ্বোধন ও জিয়াফত অনুষ্ঠানে রাষ্ট্রপতি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৫)।

২। শিক্ষার মানোন্নয়নে নজরদারি বাড়াতে হবে : পিইসি, জেএসসি ফলাফল গ্রহণকালে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সারাদেশে স্কুল পর্যায়ে শিক্ষার মান ঠিক রাখতে শিক্ষা মন্ত্রণালয়কে তদারকি বাড়ানোর নির্দেশ দিয়ে বলেছেন, শিক্ষকদের প্রশিক্ষণের পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে পড়াশোনার মানোন্নয়নে নজরদারি বজায় রাখতে হবে। বিশ্ব ও যুগের সঙ্গে তাল মিলিয়ে শিক্ষা কারিকুলাম তৈরি করতে হবে। গতকাল (৩০ ডিসেম্বর শনিবার) গণভবনে এ বছরের প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি), ইবতেদায়ী, জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি), জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) এবং সমমানের পরীক্ষার ফলাফল গ্রহণকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জেএসসি এবং জেডিসি এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান পিইসি ও ইবতেদায়ীর ফলাফল প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৩। মূল্যায়ন পদ্ধতির কারণে পরীক্ষার ফলে কিছুটা প্রভাব পড়েছে : শিক্ষামন্ত্রী

পরীক্ষা উন্নয়ন ইউনিটের সুপারিশ অনুসরণ করে গত তিন বছর ধরে ক্রমশ উত্তরপত্র মূল্যায়ন করায় ফলাফলে তার কিছুটা প্রভাব পড়েছে বলে মনে করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সচিবালয়ে গতকাল (৩০ ডিসেম্বর শনিবার) জেএসসি-জেডিসি পরীক্ষার ফলপ্রকাশ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। তিনি বলেন, সুষ্ঠুভাবে পরীক্ষা হয়েছে। পাসের সংখ্যা, হার ও জিপিএ-৫ পাওয়ার সংখ্যা কমেছে। এছাড়া অনুষ্ঠানে জানানো হয়, জেএসসি ও জেডিসি পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষণের জন্য আজ **৩১** ডিসেম্বর রোববার থেকে আগামী ৬ জানুয়ারি শনিবার পর্যন্ত আবেদন করা যাবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.৮)।

৪। নতুন বছরের জন্য বিনামূল্যে পাঠ্যবই বিতরণ কর্মসূচির উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৮ শিক্ষাবর্ষের বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন। **১** জানুয়ারি দেশব্যাপী 'জাতীয় পাঠ্যপুস্তক উৎসব' অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৩০ ডিসেম্বর শনিবার) গণভবনে এক অনুষ্ঠানে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীদের কাছে বই হস্তান্তরের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কর্মসূচি উদ্বোধন করেন। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৫,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩)।

৫। প্রধানমন্ত্রী আজ যশোর যাচ্ছেন

আজ যশোর যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাঁর আগমনে গোটা শহর উৎসবের নগরীতে পরিণত হয়েছে। পাড়া-মহল্লা, মোড়ে মোড়ে ব্যানার-ফেস্টুন ও তোরণ নির্মাণ করা হয়েছে। বিকেলে শহরের ঈদগাহ মাঠে জনসভায় ভাষণ দেবেন প্রধানমন্ত্রী। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (পৃ.৪,ক.৪)।

৬। রেমিটেন্স প্রবাহ কমার কারণ অনুসন্ধান করা হচ্ছে : অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, সাম্প্রতিক বছরগুলোতে যে হারে প্রবাসীর সংখ্যা বেড়েছে, সেই তুলনায় রেমিটেন্স বাড়েনি। সরকার রেমিটেন্সের প্রবাহ কমে যাওয়ার কারণ অনুসন্ধান করছে। শীঘ্রই এর ফল পাওয়া যাবে। তিনি বলেন, প্রবাসী বাংলাদেশিরা (এনআরবি) দেশের সমাজ, রাজনীতি ও অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। তথ্যপ্রযুক্তির প্রভাবে সমাজ খুব দ্রুত বদলাচ্ছে। পরিবর্তিত বাস্তবতায় প্রবাসীরা দেশের কল্যাণে আরও বেশি ইতিবাচক ভূমিকা রাখতে পারবেন। বেসরকারি উদ্যোগে প্রথমবারের মতো উদ্‌যাপিত 'এনআরবি দিবসের' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী এসব কথা বলেন। গতকাল (৩০ ডিসেম্বর শনিবার) রাজধানীর আগারগাঁওয়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে এ অনুষ্ঠানের আয়োজন করে স্কলার্স বাংলাদেশ ফাউন্ডেশন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.১)।

৭। পদ্মাসেতু চালু হলে ব্যবসা-বাণিজ্যে প্রধানকেন্দ্র হবে দক্ষিণাঞ্চল : শিল্পমন্ত্রী

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, স্বপ্নের পদ্মাসেতুর নির্মাণ কাজ সম্পন্ন হলে দেশের দক্ষিণাঞ্চল হবে ব্যবসা ও বাণিজ্যের প্রধান কেন্দ্রবিন্দু। গতকাল (৩০ ডিসেম্বর শনিবার) নগরীর অশ্বিনী কুমার টাউন হলে মাদ্রাসাসহ সব বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণের দাবিতে বাংলাদেশ মাদ্রাসা জেনারেল টিচার্স অ্যাসোসিয়েশনের বিভাগীয় সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী আরও বলেন, দক্ষিণাঞ্চলের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা পায়রাবন্দর, বরিশাল বিশ্ববিদ্যালয়, ইঞ্জিনিয়ারিং কলেজসহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তুলেছেন। পদ্মাসেতু নির্মাণের পর দক্ষিণাঞ্চল হবে ব্যবসা বাণিজ্যের প্রধান কেন্দ্র। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৫,ক.১)।

৮। পর্যটন ও ওষুধখাতে সহায়তা দেবে বাহরাইন

বাংলাদেশ ও বাহরাইন দ্বিপক্ষীয় বাণিজ্য বাড়াতে একসঙ্গে কাজ করবে। একই সঙ্গে বিনিয়োগের সম্ভাব্য খাত, বিশেষকরে পর্যটন ও ওষুধখাতের বিকাশে উভয় দেশ পরস্পরকে সহায়তা করবে। অর্থ প্রতিমন্ত্রী এম এ মান্নান দেশটির অর্থমন্ত্রী শেখ আহমেদ বিন মোহাম্মদ আল খলিফার সঙ্গে বৈঠকে এসব বিষয়ে একমত হয়েছেন। তিনদিনের সফরে অর্থ প্রতিমন্ত্রী গত ২৭ ডিসেম্বর বুধবার বাহরাইনে যান। সফরকালে তিনি দেশটির অর্থমন্ত্রী ছাড়াও চেম্বার সভাপতি খালেদ এ মুয়েদের সঙ্গে বৈঠক করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.১)।

৯। চলতি অর্থবছরের প্রথম ৫ মাসে ২১ হাজার কোটি টাকা আয়কর আদায়

চলতি ২০১৭-১৮ অর্থবছরের প্রথম ৫ মাসে ২১ হাজার ৬৪৬ কোটি টাকার আয়কর আদায় হয়েছে, যা বিগত করবর্ষের একই সময়ের তুলনায় ১৫ দশমিক ৬০ শতাংশ বেশি। গত অর্থবছরের প্রথম ৫ মাসে আয়কর আহরণের পরিমাণ ছিল ১৮ হাজার ৭২৫ কোটি টাকা। জুলাই-নভেম্বর পর্যন্ত সময়ে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) আয়কর আহরণ ছাড়াও আরও বেশ কয়েকটি ক্ষেত্রে আগের বছরের একই সময়ের চেয়ে ভাল করেছে। এনবিআর সূত্র জানায়, ব্যক্তি পর্যায়ে আয়কর বিবরণী দাখিলের পরিমাণও প্রথম ৫ মাসে গত বছরের তুলনায় ৩৬ শতাংশ বেড়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৭)।

১০। থার্টিফার্স্ট নাইট উদ্‌যাপন চার দেওয়ালের ভিতর : ডিএমপি কমিশনার

ইংরেজি বছরের শেষ দিন থার্টিফার্স্ট নাইটে রাজধানীতে বাড়ির ছাদসহ যে কোনো উন্মুক্ত স্থানে অনুষ্ঠানের ক্ষেত্রে নিষেধাজ্ঞা দিয়েছেন ঢাকা মহানগর পুলিশ কমিশনার (ডিএমপি) আছাদুজ্জামান মিয়া। গতকাল (৩০ ডিসেম্বর শনিবার) ডিএমপি মিডিয়া সেন্টারে এক সংবাদ সম্মেলনে থার্টিফার্স্ট নাইটের নিরাপত্তার সার্বিক দিক বিবেচনা করে এ নিষেধাজ্ঞার কথা জানান তিনি। ডিএমপি কমিশনার বলেন, ঢাকা মহানগরীর কোনো উন্মুক্ত স্থানে নাচ, গান, কনসার্টসহ কোনো অনুষ্ঠানের আয়োজন করা যাবে না। বাড়ির ছাদেও কোনো অনুষ্ঠান করা যাবে না। তবে চার দেওয়ালের মধ্যে উৎসব আয়োজন করতে পারবেন। ঢাকা মহানগরের সার্বিক নিরাপত্তা ও

আইনশৃঙ্খলার স্বার্থে রাস্তার মোড়, ফ্লাইওভার, রাস্তায় এবং প্রকাশ্যে কোনো ধরনের জমায়েত, সমাবেশ বা উৎসব করা যাবে না। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

১১। বাংলা একাডেমি ফেলোশিপ পেলেন সাত বিশিষ্ট ব্যক্তি

দেশের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ ৭ জন বিশিষ্ট ব্যক্তিকে বাংলা একাডেমি সম্মানসূচক ফেলোশিপ প্রদান করা হয়েছে। গতকাল (৩০ ডিসেম্বর শনিবার) বাংলা একাডেমির সাধারণ পরিষদের ৪০তম বার্ষিকসভায় এ ফেলোশিপ প্রদান করা হয়। অনুষ্ঠানে বাংলা একাডেমির পরিচালিত পাঁচটি পুরস্কারও প্রদান করা হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৪)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, জনকণ্ঠ :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা চিকিৎসকদের গ্রামে কর্মস্থলে চিকিৎসাসেবা দিতে যে কঠোর নির্দেশ দিয়েছেন তা যথাযথভাবে বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **যুগান্তর, সমকাল :** প্রাথমিক শিক্ষা সমাপনী, ইবতেদায়ি, জেএসসি ও জেডিসি পরীক্ষার ফলাফল সন্তোষজনক হওয়ায় স্বস্তি প্রকাশ করে শতভাগ পাস নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

গ. **ইত্তেফাক :** ৩২ শতাংশ বাংলাদেশি শ্রমিক বিদেশে কর্মরত থাকা অবস্থায় প্রতারণা ও অমানবিক ব্যবহারের শিকার হচ্ছে এক প্রতিবেদনে এ তথ্য প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** সিআইডি রাজধানীর তাঁতীবাজারে অভিযান চালিয়ে ক্যান্সারের নকল ওষুধ উদ্ধার করায় উদ্বেগ প্রকাশ করে এ জঘন্য ঘটনায় জড়িতদের কঠোর শাস্তির দাবি।

ঙ. **সংবাদ :** ঠাকুরগাঁওয়ের হরিপুর উপজেলায় গ্রাম্য সালিসে দোররা মেরে এক গৃহবধূকে হত্যার ঘটনার নিন্দা জানিয়ে এ ধরনের ঘটনা প্রতিরোধে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান।

চ. **ডেইলি স্টার :** সাভারে স্থানান্তরিত চামড়া শিল্পনগরীতে যথাযথ বর্জ্য ব্যবস্থাপনা গড়ে না ওঠায় ধলেশ্বরী নদী দূষণের শিকার হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** চা দেশের দ্বিতীয় বৃহত্তম রপ্তানিখাত হওয়ায় এ খাতের উন্নয়নে নজর দেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সুষ্ঠু নির্বাচনের স্বার্থে সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত **'কবে ঢাকার রাস্তা যানজটমুক্ত হবে'** শিরোনামের নিবন্ধে রাজধানীর যানজট নিরসনে ট্রাফিক ব্যবস্থাকে গতিশীল করা প্রয়োজন বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

ফাহিমা/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০